



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

সেইফটি অধিশাখা

শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,

ঢাকা-১০০০।

[www.dife.gov.bd](http://www.dife.gov.bd)

নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,  
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

নারীর প্রতি ঘোন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee" র সভা (জুলাই/২০২৩) এর কার্যবিবরণী

সভাপতি	মোছাঃ জুলিয়া জেসমিন
	যুগ্ম মহাপরিদর্শক
সভার তারিখ	২৪ জুলাই, ২০২৩
সভার সময়	দুপুর ০৩:৩০ ঘটিকা
স্থান	যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) এর কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় নারীর প্রতি ঘোন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee"র সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই হাইকোর্টের রীট পিটিশন নং ৫৯১৬/২০০৮ এর রায়ের আলোকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee" এর সার্বিক কার্যক্রমসহ বর্তমান অবস্থা বর্ণনা করেন।

২। প্রধান কার্যালয়ে নারীর প্রতি ঘোন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee"র অন্যতম সদস্য জনাব মাহবুবা আক্তার, উপপরিচালক, এডভোকেসী, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রান্স্ট (ল্যান্স্ট), মানবাধিকার কর্মী ও সদস্য বলেন, যেহেতু বর্তমান সরকার কর্মক্ষেত্রে নারীর প্রতি ঘোন হয়রানী প্রতিরোধে বন্ধপরিকর, সেহেতু, সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের কর্মকর্তাদের মধ্যে এ বিষয়ে স্বচ্ছ ধারণা ও সচেতনতা সৃষ্টি করা প্রয়োজন। তদন্ত কার্যক্রম পরিচালনা, অভিযোগ নিষ্পত্তিসহ তদন্ত কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিটি বিষয় সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য ল্যান্স্ট ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের যৌথ আয়োজনে ঢাকা ও চট্টগ্রামে বিভাগীয় পর্যায়ে ওয়ার্কশপ করা যেতে পারে বলে তিনি মতামত ব্যক্ত করেন।

৩। প্রধান কার্যালয়ের "complaint committee"র অন্যতম সদস্য জনাব এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি বলেন যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে ঘোন হয়রানি নিরসন ও প্রতিরোধে SOP প্রস্তুত করা প্রয়োজন।

জবাবে, সভাপতি মহোদয় ও প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক বলেন, "complaint committee"র সদস্যগণ ও জনাব মোঃ তাওহীদুল হক ভুঁইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), আইন উপশাখা এবং ইফকাত আরা, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), SOP এর খসড়া প্রস্তুতকরণে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন।

৪। সভাপতি মহোদয় আরো বলেন যে, জনাব মোঃ তাওহীদুল হক ভুঁইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), আইন উপশাখা "complaint committee"র পরবর্তী সভাসমূহে অংশগ্রহণ করবেন।

৫। জনাব মাহবুবা আক্তার, উপপরিচালক, এডভোকেসী, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), বলেন যে, ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee"র কার্যক্রম ফলো আপ করার জন্য একটি সুনির্দিষ্ট পদ্ধতি থাকা প্রয়োজন।

সভাপতি মহোদয় বলেন, "complaint committee"র কার্যক্রম ফলো আপ করার পদ্ধতি সম্পর্কে মহাপরিদর্শক মহোদয় হতে নির্দেশনা গ্রহণ করা হবে।

#### সিদ্ধান্তসমূহঃ

১। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ও ব্লাস্ট এর যৌথ আয়োজনে ঢাকা ও চট্টগ্রামে বিভাগীয় পর্যায়ে ওয়ার্কশপ আয়োজন করার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

২। নারীর প্রতি যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য SOP এর খসড়া প্রস্তুতকরণে ওয়ার্কিং কমিটি কাজ করবে।

৩। জনাব মোঃ তাওয়াইদুল হক ভূইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), আইন উপশাখা "complaint committee"র পরবর্তী সভাসমূহে অংশগ্রহণ করবেন।

৪। "complaint committee"র কার্যক্রম ফলো আপ করার পদ্ধতি সম্পর্কে মহাপরিদর্শক মহোদয় হতে নির্দেশনা গ্রহণ করা হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

২১-০৮-২০২৩

মোহাঁ জুলিয়া জেসমিন

যুগ্ম মহাপরিদর্শক

healthwing.dife@gmail.com

৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৮০.০১.০০০০.১০২.১৮.০০৬.২১.৮২৮

সদয় জাতার্থে/কার্যালয়ে প্রেরণ করা হল (জ্যৈষ্ঠতার ত্রুমানুসারে নয়):

- ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন/সাধারণ/সেফটি/স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়;
- ২। উপমহাপরিদর্শক (সাধারণ/সেইফটি/স্বাস্থ্য/প্রশাসন/মানবসম্পদ/অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/মনিটরিং ও মূল্যায়ন/আইএসইউ);
- ৩। উপমহাপরিদর্শক (৩১ কার্যালয়), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), মানবাধিকার কর্মী ও সদস্য;
- ৫। লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি;
- ৬। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৭। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৮। সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), শৃঙ্খলা ও তদন্ত উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৯। সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং
- ১০। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।



২১-০৮-২০২৩

মোহাঁ জুলিয়া জেসমিন

যুগ্ম মহাপরিদর্শক

সকল সংযুক্তিসমূহ:

(S) Attendence